

## আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৬২

আরবি মূল আয়াত:

أَذِلَّكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ ﴿٦٢﴾

অনুবাদসমূহ:

আপ্যায়নের জন্য এগুলো উত্তম না যাক্কুম\* বৃক্ষ? — আল-বায়ান

আপ্যায়ন হিসেবে এটা উত্তম, না, (জাহান্নামের) জাক্কুম গাছ? — তাইসিরুল

আপ্যায়নের জন্য কি এটাই শ্রেষ্ঠ, না কি যাক্কুম বৃক্ষ? — মুজিবুর রহমান

Is Paradise a better accommodation or the tree of zaqqum? — Sahih International

\* অতি তিক্ত স্বাদযুক্ত জাহান্নামের এক গাছ।

৬২. আপ্যায়নের জন্য কি এটাই শ্রেয়, না যাক্কুম গাছ?

-

তাফসীরে জাকারিয়া

(৬২) আপ্যায়নের জন্য কি এটিই উত্তম, না যাক্কুম বৃক্ষ?[1]

[1] زَقُّومٌ, تَزَقُّمٌ থেকে উৎপত্তি যার অর্থঃ দুর্গন্ধময় ও ঘৃণিত বস্তু গিলে খাওয়া। ‘যাক্কুম’ বৃক্ষের ফল খাওয়াও জাহান্নামীদের জন্য বড় কঠিন হবে। কারণ তা বড় দুর্গন্ধময়, তেঁতো এবং অতি ঘৃণ্য হবে। অনেকে বলেন যে, এটা পৃথিবীর একটি গাছ এবং তা আরবে পরিচিত। কুতুবরব বলেন, এটি এক প্রকার তেঁতো গাছ, যা তিহামা নামক এলাকায় পাওয়া যায়। আর অনেকে বলেন যে, এটা পৃথিবীর কোন গাছ নয়, পৃথিবীর মানুষের নিকট তা অপরিচিত। (ফাতহুল ক্বাদীর) আরবী-উর্দু অভিধানে ‘যাক্কুম’-এর অর্থ থুহার (কাঁটাদার বিষাক্ত গাছ) করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3850>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন